

هُود | Hud | مُعِجَ ا

আয়াতঃ ১১: ১১৫

া আরবি মূল আয়াত:

وَ اصبِر فَاِنَّ اللَّهَ لَا يُضِيعُ آجِرَ المُحسِنِينَ ﴿١١٥﴾

🗚 অনুবাদসমূহ:

তুমি সবর কর, নিশ্চয়ই আল্লাহ তাআলা ইহসানকারীদের প্রতিদান নষ্ট করেন না। — আল-বায়ান তুমি ধৈর্য ধর, কারণ আল্লাহ সৎকর্মশীল লোকদের কর্মফল কখনও বিনষ্ট করেন না। — তাইসিরুল আর ধৈর্য ধারণ কর। কেননা আল্লাহ সৎ কর্মশীলদের কর্মফলকে পন্ড করেননা। — মুজিবুর রহমান And be patient, for indeed, Allah does not allow to be lost the reward of

- ১১৫. আর আপনি ধৈর্য ধারণ করুন, কারণ নিশ্চয় আল্লাহ ইহসানকারীদের প্রতিদান নষ্ট করেন না।(১)
 - (১) বরং তারা যা আমল করে তন্মধ্যে যা উত্তম হয় তা তিনি কবুল করেন এবং সেটার প্রতিদান তিনি তাদেরকে তাদের আমলের চেয়েও উত্তমভাবে প্রদান করেন। তাই যখনই কারও মনে শিথিলতা আসে, তখনই এ সওয়াবের প্রতি দৃষ্টি দানের মাধ্যমে নিয়মিত সবর করার প্রতি উৎসাহ আসবে। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(১১৫) আর ধৈর্য ধারণ কর, নিশ্চয়ই আল্লাহ সৎকর্মশীলদের পুণ্যফলকে পন্ড করেন না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1588

those who do good. — Sahih International

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন